# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
# বিশেষ অডিট রিপোর্ট

রিপোর্টের সন ঃ ২০১৩ হতে ২০১৪

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), ঢাকা এবং বিএসএমএম ইউ, ঢাকা ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব সম্পর্কিত)

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।]

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর
# বিশেষ অডিট রিপোর্ট

রিপোর্টের সন ঃ ২০১৩ হতে ২০১৪

## প্রথম খণ্ড

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অর্থ বছর ঃ ২০১২-২০১৩

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

[গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।]

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | খ |
| ৩. | Abbreviation & Glossary | গ |
| ৪. | প্রথম অধ্যায় | ১ |
| | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | ৩ |
| | অডিট বিষয়ক তথ্য | ৫ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ৫ |
| | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | ৫ |
| | অডিটের সুপারিশ | ৫ |
| ৫. | দ্বিতীয় অধ্যায় ( অডিট অনুচ্ছেদসমূহ) | ৭-২২ |
| ৬. | মহাপরিচালকের স্বাক্ষর | ২২ |
| ৭. | অনুচ্ছেদ ভিত্তিক পরিশিষ্ট | দ্বিতীয় খণ্ড |

# ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এই অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত
মাসুদ আহমেদ
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

২৭/০৯/১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ [illegible]/০১/২০১৮ খ্রিষ্টাব্দ

খ

# মহাপরিচালকের বক্তব্য

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), ঢাকা এবং বিএসএমএম ইউ, ঢাকা ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল এর ২০১২-২০১৩ অর্থ বছরের আর্থিক কর্মকাণ্ড স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়। আর্থিক অনিয়ম চিহ্নিতকরণ এবং অনিয়ম রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা পর্যালোচনাসহ সরকারি সম্পদ/অর্থের ক্ষয়-ক্ষতির পরিমাণ এবং অনিয়মসমূহ যথাযথ কর্তৃপক্ষের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য। এ রিপোর্টে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা বিবেচ্য সময়ের অথবা পূর্ববর্তী সময়ের লেনদেন ও আয় ব্যয়ের অংশ বিশেষ। এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়ম পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলো সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব। মূল রিপোর্টের কলেবর বৃদ্ধি না করে আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক ও বিস্তারিত পরিসংখ্যান (পরিশিষ্টসমূহ) পৃথক একটি খণ্ডে অর্থাৎ দ্বিতীয় খণ্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রযোজ্য ক্ষেত্রে নিরীক্ষার আন্তর্জাতিক মানদণ্ড তথা International Standards for Supreme Audit Institutions (ISSAI) এর প্রাসঙ্গিক ধারাসমূহ এবং Government Auditing Standard সমূহ বিবেচনায় নিয়ে আলোচ্য নিরীক্ষা সম্পাদন ও রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। আর্থিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং এর গুণগত মান বৃদ্ধিতে এ রিপোর্টটি ইতিবাচক অবদান রাখবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত
(মোঃ গোলাম মোস্তফা)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

তারিখ ২১/০৯/১৪২১ বঙ্গাব্দ
০৪/০১/২০১৫ খ্রিস্টাব্দ

# Abbreviation & Glossary

| | |
|---|---|
| ARV (TCV) | Antiretroviral |
| BRTA | Bangladesh Road Transport Authority |
| CMSD | Central Medical Store Depot |
| DGDA | Director General of Drug Administration |
| ECG | Electro Cardiogram |
| EDCL | Essential Drugs Company Limited |
| GCC | General Conditions of Contract |
| HCV | Hepatitis C Virus |
| HIS | Heath Information System |
| ICB | International Cost Bid |
| IFB | Invitation for Bids |
| LC | Letter of Credit |
| NOA | Notification of Award |
| PCC | Particular Conditions of Contract |
| PLSM | Procurement Logistics & Supply Managment |
| TEC | Technical Evaluation Committee |
| UHC | Upazilla Health Complex |
| WHO | World Health Organization |
| WHOSPES | World Health Organization Pesticide Evaluation Scheme |

# প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১। | CMSD কর্তৃক বিদেশী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অননুমোদিত Local Agent এর সাথে যোগসাজশে পণ্য আমদানির নামে Fraud এর মাধ্যমে আর্থিক ক্ষতি US$ ১৮,২৫,৮৫৯ সমপরিমাণ। | ১৪,৩১,৪৭,৩৪৫/- | ৯-১১ |
| ২। | জাতীয় ঔষধ নীতি উপেক্ষা করে বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চমূল্যে ঔষধপত্র ও চিকিৎসা সরঞ্জামাদি ক্রয়ের কারণে আর্থিক ক্ষতি। | ১১,৬৬,০৫,০৩৫/- | ১২-১৩ |
| ৩। | অপরিকল্পিতভাবে এবং ব্যবহারকারীর চাহিদা/প্রয়োজন ব্যতীত ৫টি Intra Operative Imaging System ক্রয়ের ফলে সরকারি অর্থের অপচয়। | ১৮,০৬,৪৫,৫০৬/- | ১৪-১৫ |
| ৪। | ক্রয়কৃত ঔষধ মেয়াদোত্তীর্ণ হওয়ার কারণে আর্থিক ক্ষতি | ১,৯৫,০৬,৯৪৪/- | ১৬ |
| ৫। | ব্যবহার অযোগ্য Medical Equipment ক্রয় করে চাহিদা না থাকা সত্ত্বেও User এর নিকট বিতরণ (Push Delivery) করায় আর্থিক ক্ষতি। | ৯৬,৪৪,৮১৪/- | ১৭-১৮ |
| ৬। | একমাত্র সরকারি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান Essential Drugs Company Limited (EDCL) দরপত্রে সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তার নিকট হতে ক্রয় না করে উৎপাদনকারী প্রতিষ্ঠান নয় এমন ঠিকাদারি প্রতিষ্ঠান হতে ঔষধ ক্রয় করায় আর্থিক ক্ষতি। | ১৪,৭৭,৭৪৫/- | ১৯-২০ |
| ৭। | ARV (TCV) 1.0 ml ১,৭০,০০০টি Vial ক্রয়ের সমর্থনে বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট DGDA এর অনুমতিপত্রসহ এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অডিটে উপস্থাপন না করা প্রসঙ্গে। | ৭,৯৯,০০,০০০/- | ২১ |
| ৮। | অননুমোদিতভাবে দর্শনার্থীদের নিকট হতে দর্শনার্থী ফি আদায় এবং গেট পাস ও ফুড পাস বাবদ আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি। | ৬৫,৩৬,২৪০/- | ২২ |
| | সর্বমোট | ৫৫,৭৪,৬৩,৬২৯/- | |

# অডিট বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বছর | ঃ | ২০১২-২০১৩ |
| নিরীক্ষিত প্রতিষ্ঠান | ঃ | ১। কেন্দ্রীয় ঔষধাগার (CMSD), ঢাকা ।<br>২। বিএসএমএম ইউ, ঢাকা।<br>৩। রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল। |
| নিরীক্ষার প্রকৃতি | ঃ | নিয়মানুগ নিরীক্ষা। |
| নিরীক্ষার সময় | ঃ | ০৫-০৩-২০১৪—২০-০৫-২০১৪ খ্রিঃ। |
| নিরীক্ষা পদ্ধতি | ঃ | ১। দৈবচয়ন নমুনায়নের মাধ্যমে ভাউচার নিরীক্ষা।<br>২। বিশ্লেষণাত্মক (Analytical) |

## ম্যানেজমেন্ট ইস্যু ঃ

- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।
- যথাযথ কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- পূর্ববর্তী অডিট আপত্তিসমূহের উপর গুরুত্বারোপ না করা।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ

- বিধি মোতাবেক এম এস আর সামগ্রী ক্রয় না করা।
- সরকারি নির্দেশনা উপেক্ষা করে ইডিসিএল (EDCL) বহির্ভূত প্রতিষ্ঠান হতে ঔষধ ক্রয় করা।
- সঠিক হারে ভ্যাট ও আয়কর আদায় না করা।

## অডিটের সুপারিশ ঃ

- পিপিআর/২০০৮ অনুসরণ করা আবশ্যক।
- এম এস আর সামগ্রী ক্রয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত এম এস আর রেট অনুসরণ করা আবশ্যক।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অধিকতর সুদৃঢ় করা আবশ্যক।
- আয়কর ও ভ্যাট নির্ধারিত হারে কর্তন করে যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান ঃ মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

# দ্বিতীয় অধ্যায়

(অডিট অনুচ্ছেদসমূহ)

৩—

অনুচ্ছেদ নং ১।


শিরোনাম ঃ **CMSD কর্তৃক বিদেশী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অননুমোদিত Local Agent এর সাথে যোগসাজশে পণ্য আমদানির নামে Fraud এর মাধ্যমে আর্থিক ক্ষতি US$ ১৮,২৫,৮৫৯ সমপরিমাণ ১৪,৩১,৪৭,৩৪৫/- টাকা ।**

বিবরণ ঃ CMSD, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থবছরের অডিট পরিচালনাকালে Line Director: MIS এর Laptop & Personal Computer (Desktop) ক্রয় সংক্রান্ত নথিপত্র যাচাইকালে পরিলক্ষিত হয় যে, CMSD কর্তৃপক্ষ বিদেশি উৎপাদন/সরবরাহকারী প্রতিষ্ঠান (Principal):Hewlett Packard, Singapore Pvt. Ltd. এর অনুমোদিত Local Agent:M/S Flora Telecom Ltd., Dhaka কর্তৃক USA Origin এর পরিবর্তে China Origin পণ্য আমদানিপূর্বক সরবরাহ এবং আই.সি.ডি, কমলাপুর, ঢাকা কর্তৃপক্ষের সহযোগিতায় Foreign Invoice Price এর পরিবর্তে Local Commercial Invoice Price এর উপর শুল্কায়ন দেখিয়ে পণ্য খালাস করায় প্রকৃত আমদানি মূল্য অপেক্ষা US$ ১৮,২৫,৮৫৯ (আঠার লক্ষ পঁচিশ হাজার আটশত উনষাট মার্কিন ডলার) এর সমপরিমাণ ১৪,৩১,৪৭,৩৪৫/- (চৌদ্দ কোটি একত্রিশ লক্ষ সাতচল্লিশ হাজার তিনশত পঁয়তাল্লিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

(ক) প্যাকেজ নং: G- ১২৪৬ (লট- B) এ ১২৪৭১টি Laptop Computer এবং (খ) প্যাকেজ নং: GD- ১২০৩ এ ৪৩৬০টি Personal Computer (Desktop) ক্রয়ের জন্য যথাক্রমে ০৭-০৫-২০১৩ খ্রিঃ এবং ১৩-০৩-২০১৩ খ্রিঃ তারিখদ্বয়ে ICB Tender আহবান করা হয়। TEC এর মূল্যায়ণের পর USA Origin এর পণ্য ক্রয়ের জন্য (ক) প্যাকেজ নং: G- ১২৪৬ এর পণ্যের জন্য মা. ডলার ৫২,৭৫,২৩৩ + Inland Transportation and Other Service বাবদ ৪২,৪০,১৪০/- টাকা এবং (খ) প্যাকেজ নং: GD- ১২০৩ এর পণ্যের জন্য মা. ডলার ২০,৭৯,৭২০ + Inland Transportation and Other Service বাবদ ১৪,০০,০০০/-টাকায় Hewlett Packard, Singapore Pvt. Ltd., 138 Depot Road, Singapore, স্থানীয় এজেন্ট M/S Flora Telecom Ltd., Zahed Plaza, Gulshan-2, Dhaka এর সাথে যথাক্রমে Contract No: CMSD/Proc-40/HPNSDP/G-1246(ICB)/2012-13/D-2/142 তারিখঃ ৩০-০৬-২০১৩ খ্রিঃ এবং Contract No:CMSD/Proc-83/GoB(Dev)/GD-1203/ICB/2012-13/D-1/101 তারিখ ১৮-০৬-২০১৩ খ্রিঃ এ ক্রয়ের চুক্তিপত্র স্বাক্ষর করা হয়। চুক্তিপত্রে দেখা যায় যে, বৈদেশিক মুদ্রায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে Principal Manufacturer এর নামে এ[illegible] করে স্থানীয় এজেন্ট M/S Flora Telecom Ltd. এর নামে এল.সি. খোলার সুপারিশ[illegible] বরাবর বৈদেশিক মুদ্রা প্রদানের জন্য CMSD কর্তৃক বাংলাদেশ ব্যাংক, ঢাকাকে[illegible]

চুক্তিপত্র অনুযায়ী উল্লিখিত ২টি মূল এল.সি এর বিপরীতে CIP CMSD তে পণ্য সরবরাহের জন্য মোট মা. ডলার (৫২,৭৫,২৩৩ + ২০,৭৯,৭২০) = ৭৩,৫৪,৯৫৩ বৈদেশিক মুদ্রায় ১২,৪৭১টি Laptop এবং ৪,৩৬০টি Desktop আমদানির জন্য M/S Flora Telecom Ltd. এর অনুকূলে এল.সি খোলার পর আমদানিকৃত পণ্যের (ক) ১৭-১০-২০১৩ খ্রিঃ ও ২৩-১০-২০১৩ খ্রিঃ তারিখ এবং (খ) ৩১/০৭/২০১৩ খ্রিঃ তারিখের Foreign Invoice মোতাবেক ১২,৪৭১টি Laptop এবং ৪,৩৬০টি Desktop এর মোট মা. ডলার (৩৯,১৫,৮৯৪ + ১৬,১৩,২০০)= ৫৫,২৯,০৯৪ এর সমপরিমাণ মূল্যের পণ্য বাংলাদেশে আনা হয়। অর্থাৎ M/S Flora Telecom Ltd. এর অনুকূলে ৭৩,৫৪,৯৫৩/- মা. ডলার এর এল.সি করা হলেও প্রকৃতপক্ষে ঐ পরিমাণ পণ্য ৫৫,২৯,০৯৪ মা. ডলার এ ক্রয় করে বাংলাদেশে আনা হয়েছে। ফলে, মা. ডলার (৭৩,৫৪,৯৫৩-৫৫,২৯,০৯৪) = ১৮,২৫,৮৫৯/- মূল্যের সমপরিমাণ ১৪,৩১,৪৭,৩৪৫/- টাকার পণ্য Singapore হতে আমদানি না করা সত্ত্বেও M/S Flora Telecom Ltd. কে অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।

Diagram: Diagram to show discrepancy between amount invoiced by a foreign supplier to a local agent and amount bill by and paid to local agent by CMSD for a purchase of laptops and computers.




এখানে উল্লেখ্য যে, M/S Flora Telecom Ltd.,Foreign Manufacturer/Supplier: Hewlett Packard (HP), Singapore Pvt. Ltd.এর কোন Local Agent না, কেননা Local Agent হলে বর্ণিত Proforma Invoice এর বিপরীতে নিজ নামের L/C এর মাধ্যমে উক্ত পণ্য আমদানি না করে Foreign Manufacturer/Supplier: Hewlett Packard (HP), Singapore Pvt. Ltd.এর নামে L/C খোলা হতো এবং Local Agent হিসেবে M/S Flora Telecom Ltd. শুধুমাত্র কমিশন (Local Agent Commission) প্রাপ্ত হতো। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "০১" দ্রষ্টব্য।

**নিয়মের কারণ ঃ**

- Principal Manufacturer এর নামে L/C না খুলে M/S Flora Telecom Ltd এর নামে বিগত ১৯-০৮-১৩ খ্রিঃ ও ০৫-০৭-১৩ খ্রিঃ তারিখে এল সি'র মাধ্যমে Hewlett Packard (HP), Singapore Pvt. Ltd হতে ক্রয় করা হয়েছে। M/S Flora Telecom Ltd লোকাল এজেন্ট নয়।
- M/S Flora Telecom Ltd এল.সি'র মাধ্যমে নিজনামে আমদানিকৃত Proforma invoice এর বিপরীতে আমদানিকৃত মূল্য মার্কিন ডলার (৩৭,২৪,৪৯৪+১৬,১৩,২০০ + ১,৮৮,৪০০) = ৫৫,২৬,০৯৪ এর পরিবর্তে M/S Flora Telecom Ltd এর নিজস্ব প্যাডে Local Commercial invoice তৈরীপূর্বক মাঃ ডঃ ( ৫০,২১,৪৩৪ +২০,৭৯,৭২০+২,৫৩,৮০০)= ৭৩,৫৪,৯৫৪ এর বিল প্রদান করে। ফলে ১৮,২৫,৮৫৯ মাঃ ডঃ বা সমপরিমাণ মূল্য ১৪,৩১,৪৭,৩৪৫/- টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়।

**ফলাফল ঃ** আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-০৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ ঃ** দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত US$ ১৮,২৫,৮৫৯ মূল্যের সমপরিমাণ ১৪,৩১,৪৭,৩৪৫/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩।

শিরোনাম ঃ অপরিকল্পিতভাবে এবং ব্যবহারকারীর চাহিদা/প্রয়োজন ব্যতীত ৫টি Intra Operative Imaging System ক্রয়ের ফলে সরকারি অর্থের অপচয় ১৮,০৬,৪৫,৫০৬/- টাকা।

বিবরণ ঃ সিএমএসডি, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিট পরিচালনকালে Line Director: Hospital Service Management এর Medical Equipment ক্রয় সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ২০৮৭৫০০ ইউএস ডলার শুল্ক ও করাদিসহ ১৮,০৬,৪৫,৫০৬/- ( আঠার কোটি ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত ছয়) টাকা মূল্যের ৫টি Intra Operative Imazing System ক্রয়পূর্বক ব্যবহারের উদ্দেশ্যে স্থাপন না করে, মেশিনগুলো কার্যকরী রাখার জন্য প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ব্যতিরেকে এবং চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক মেশিন স্থাপনপূর্বক রুম রিনোভেশন এবং এয়ারকন্ডিশনিং ইত্যাদি না করা সত্ত্বেও অর্থ পরিশোধ করা হয়েছে।

Line Director: Hospital Service Management এর ২০১১-১৬খ্রিঃ এর অপারেশনাল প্লানে Strengthening of Five Medical College Hospital (Sohrawardi, Chittagong, Sylhet, Comilla and Bogra) এর আওতায় ৫টি Intra Operative Imazing System ক্রয় অন্তর্ভুক্ত রয়েছে। সে অনুযায়ী সিএমএসডি, ঢাকা কার্যালয়ের ১৭-০৯-২০১২খ্রিঃ তারিখের পত্র নং: সিএমএসডি/প্রক-৯০/এইচপিএনএসডিপি/জি-১১৯১/আইসিবি/২০১১-১২/ডি-৩/৭৪৪৪(৭) এ উল্লিখিত ৫টি মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকদের অবহিত করে সরবরাহকারী প্রতিষ্ঠানকে পণ্যটি ব্যবহারকারী প্রতিষ্ঠানে সরবরাহপূর্বক স্থাপনের জন্য অনুরোধ করা হয়।

সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক পণ্য উল্লিখিত ৫টি হাসপাতালে সরবরাহ করা হলে ৩টি প্রতিষ্ঠান যথা শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া কর্তৃক ০৮-১১-২০১২ খ্রিঃ তারিখের শজিমেকহা/ ভান্ডার/২০১২/২১৮৩ সংখ্যক পত্রে, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক ০৬-১২-২০১২খ্রিঃ তারিখের কুমেক/হাস/শা-৬/২০১২/১২৮৭ সংখ্যক পত্রে এবং সিলেট এমএজি ওসমানি মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক ১৮-১০-২০১২ খ্রিঃ তারিখের ওমেকহাসি/আইসিটি/ ২০১২/৪৮৫৬/৬ সংখ্যক পত্রে উল্লিখিত মেশিনগুলো তাদের প্রতিষ্ঠানে ব্যবহারের কোন সুযোগ নেই বলে ফেরত প্রদান করা হয়।

উল্লিখিত মেশিন ৩টি বগুড়া, কুমিল্লা এবং সিলেট হতে ফেরত প্রাপ্তির পর ৫টি মেশিন যথাক্রমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১টি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতালে ১টি, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ২টি ও শহীদ সোহরাওয়ার্দি হাসপাতালে ১টি মেশিন সরবরাহ করা হয়- যা অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। এতে প্রমাণিত হয় যে, কোনরূপ প্রয়োজন ব্যতীত প্যাকেজ নং: জি-১১৯১ এর মাধ্যমে উক্ত অর্থ ব্যয়ে ৫টি Intra Operative Imazing System ক্রয় করা হয়েছে।

এছাড়া প্রতিটি মেশিনের বিপরীতে দুজন চিকিৎসক এবং একজন প্রকৌশলীকে বিদেশে প্রশিক্ষণ প্রদানের শর্ত থাকলেও তা প্রতিপালন করা হয়নি।

**অনিয়মের কারণ ঃ** জাতীয় ওষুধ নীতি ২০০৫ এর ক্রমিক নং ৫ (ঔষধ সংগ্রহ) এর গ-"সরকারি খাতে সকল সংগ্রহ স্বাভাবিকভাবে জেনেরিক নামে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে সরাসরি প্রস্তুতকারকগণের কাছ থেকে ক্রয় করা উচিত হবে" মর্মে উল্লেখ আছে। কিন্তু, সিএমএসডি কর্তৃপক্ষ কর্তৃক উক্ত নীতির ব্যত্যয় ঘটিয়ে ঔষধপত্র ক্রয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠিত সরকারি/বেসরকারি উৎপাদনকারী প্রতিষ্ঠান থেকে মানসম্মত ঔষধ ক্রয় না করে উৎপাদনকারী নন এমন ঠিকাদারের নিকট হতে ঔষধ উচ্চমূল্যে ক্রয় করা হয়েছে- যা জাতীয় ঔষধ নীতি-২০০৫এর পরিপন্থি।

**ফলাফল ঃ** আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ ঃ** দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১১,৬৬,০৫,০৩৫/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৩।

**শিরোনাম ঃ** অপরিকল্পিতভাবে এবং ব্যবহারকারীর চাহিদা/প্রয়োজন ব্যতীত ৫টি **Intra Operative Imaging System** ক্রয়ের ফলে সরকারি অর্থের অপচয় ১৮,০৬,৪৫,৫০৬/- টাকা ।

**বিবরণ ঃ** সিএমএসডি, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিট পরিচালনাকালে Line Director: Hospital Service Management এর Medical Equipment ক্রয় সংক্রান্ত নথিপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ২০৮৭৫০০ ইউএস ডলার শুল্ক ও করাদিসহ ১৮,০৬,৪৫,৫০৬/- ( আঠার কোটি ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত ছয়) টাকা মূল্যের ৫টি Intra Operative Imazing System ক্রয়পূর্বক ব্যবহারের উদ্দেশ্যে স্থাপন না করে, মেশিনগুলো কার্যকরী রাখার জন্য প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ব্যতিরেকে এবং চুক্তিপত্রের শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক মেশিন স্থাপনপূর্বক রুম রিনোভেশন এবং এয়ারকন্ডিশনিং ইত্যাদি না করা সত্ত্বেও অর্থ পরিশোধ করা হয়েছে।

Line Director: Hospital Service Management এর ২০১১-১৬খ্রিঃ এর অপারেশনাল প্লানে Strengthening of Five Medical College Hospital (Sohrawardi, Chittagong, Sylhet, Comilla and Bogra) এর আওতায় ৫টি Intra Operative Imazing System ক্রয় অন্তর্ভুক্ত রয়েছে। সে অনুযায়ী সিএমএসডি, ঢাকা কার্যালয়ের ১৭-০৯-২০১২খ্রিঃ তারিখের পত্র নং: সিএমএসডি/প্রক-৯০/এইচপিএনএসডিপি/জি-১১৯১/আইসিবি/২০১১-১২/ডি-৩/৭৪৪৪(৭) এ উল্লিখিত ৫টি মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকদের অবহিত করে সরবরাহকারী প্রতিষ্ঠানকে পণ্যটি ব্যবহারকারী প্রতিষ্ঠানে সরবরাহপূর্বক স্থাপনের জন্য অনুরোধ করা হয়।

সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক পণ্য উল্লিখিত ৫টি হাসপাতালে সরবরাহ করা হলে ৩টি প্রতিষ্ঠান যথা শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া কর্তৃক ০৮-১১-২০১২ খ্রিঃ তারিখের শজিমেকহা/ ভান্ডার/২০১২/২১৮৩ সংখ্যক পত্রে, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক ০৬-১২-২০১২খ্রিঃ তারিখের কুমেক/হাস/শা-৬/২০১২/১২৮৭ সংখ্যক পত্রে এবং সিলেট এমএজি ওসমানি মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃক ১৮-১০-২০১২ খ্রিঃ তারিখের ওমেকহাসি/আইসিটি/ ২০১২/৪৮৫৬/৬ সংখ্যক পত্রে উল্লিখিত মেশিনগুলো তাদের প্রতিষ্ঠানে ব্যবহারের কোন সুযোগ নেই বলে ফেরত প্রদান করা হয়।

উল্লিখিত মেশিন ৩টি বগুড়া, কুমিল্লা এবং সিলেট হতে ফেরত প্রাপ্তির পর ৫টি মেশিন যথাক্রমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১টি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতালে ১টি, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ২টি ও শহীদ সোহরাওয়ার্দি হাসপাতালে ১টি মেশিন সরবরাহ করা হয়- যা অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। এতে প্রমাণিত হয় যে, কোনরূপ প্রয়োজন ব্যতীত প্যাকেজ নং: জি-১১৯১ এর মাধ্যমে উক্ত অর্থ ব্যয়ে ৫টি Intra Operative Imazing System ক্রয় করা হয়েছে।

এছাড়া প্রতিটি মেশিনের বিপরীতে দুজন চিকিৎসক এবং একজন প্রকৌশলীকে বিদেশে প্রশিক্ষণ প্রদানের শর্ত থাকলেও তা প্রতিপালন করা হয়নি।

**অনিয়মের কারণ** ঃ যে সকল প্রতিষ্ঠান এ ধরণের মেশিন ব্যবহারের কোন সুযোগ নেই তাদের জন্য মেশিন ক্রয় করে আর্থিক অপচয় করা হয়েছে। তাছাড়া দরপত্র সিডিউলে মেশিনটি স্থাপনপূর্বক রুম রিনোভেশন এবং এয়ারকন্ডিশনিং করে দেয়ার শর্ত থাকলেও তা করা হয়নি।

**ফলাফল** ঃ আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** ঃ কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য** ঃ আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ** ঃ দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৮,০৬,৪৫,৫০৬/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং ৪।

**শিরোনাম ঃ** ক্রয়কৃত ঔষধ মেয়াদোত্তীর্ণ হওয়ার কারণে আর্থিক ক্ষতি ১,৯৫,০৬,৯৪৪/- টাকা।

**বিবরণ ঃ** CMSD, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিটকালে স্টোর সংক্রান্ত নথিপত্র ও বাস্তবযাচাইকালে পরিলক্ষিত হয় যে, ক্রয়কৃত ঔষধ মেয়াদোত্তীর্ণ হওয়ার কারণে ১,৯৫,০৬,৯৪৪/- (এক কোটি পঁচানব্বই লক্ষ ছয় হাজার নয়শত চুয়াল্লিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

প্যাকেজ নং: GR-1205, Lot-1Lot-2 সহ পরিশিষ্টে বর্ণিত অন্যান্য প্যাকেজের মাধ্যমে ক্রয়কৃত ঔষধ মেয়াদউত্তীর্ণ হয়েছে। কোনরূপ চাহিদা ব্যতীত এবং প্রয়োজনের অতিরিক্ত এ ধরনের ঔষধ ক্রয় করা হয়েছে। এ বিষয়ে যথাসময়ে কোন ব্যবস্থা গ্রহণ করার প্রমাণ পাওয়া যায়নি। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "৩"দ্রষ্টব্য।

**অনিয়মের কারণ ঃ** যাচাইকালে দেখা যায় যে, মেয়াদোত্তীর্ণ হওয়ার কিছুদিন (০৬ মাস-০১ বছর) পূর্বে বিভিন্ন হাসপাতালের চাহিদা ব্যতীত ঔষধ সরবরাহ করা হয় যা ব্যবহারের কোন সুযোগ না থাকায় মেয়াদোত্তীর্ণ হয়েছে।

**ফলাফল ঃ** আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-০৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ ঃ** দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১,৯৫,০৬,৯৪৪/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং ৫।

শিরোনাম ঃ ব্যবহার অযোগ্য **Medical Equipment** ক্রয় করে চাহিদা না থাকা সত্ত্বেও **User** এর নিকট বিতরণ **(Push Delivery)** করায় আর্থিক ক্ষতি ৯৬,৪৪,৮১৪/- টাকা ।

বিবরণ ঃ CMSD, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিট পরিচালনাকালে যাচাইকালে দেখা যায় যে, প্রয়োজন ব্যতিরেকে এবং ব্যবহার অযোগ্য Medical Equipment ক্রয় করে চাহিদা না থাকা সত্ত্বেও User এর নিকট বিতরণ (Push Delivery) করায় ৯৬,৪৪,৮১৪/- ( ছিয়ানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত চৌদ্দ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

CMSD কর্তৃক (১) ব্যবহার অযোগ্য (প্যাকেজ নং G-1223) Blood Bank Refrigerator +4C Glass Door ১টি ও (প্যাকেজ নং G- 1239) Ultrasonogram Machine (Fully Digital Architecture Black & White ১টি মেশিন যথাক্রমে আমদানি শুল্ক ও করাদিসহ (১১,৭৭,৩১২ + ৭,৫৬,৭৫৪) = ১৯,৩৪,০৬৬/- টাকায় ঠিকাদারের মাধ্যমে ক্রয় করে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড হাসপাতালে ১৩-০৩-২০১৪ খ্রিঃ এবং ১৬-০২-২০১৪ খ্রিঃ তারিখে বিতরণ দেখানো হয়।

(২) ব্যবহার অযোগ্য (প্যাকেজ নং G-1192) Echocardiogram Machine with Color Doppler শুল্ক ও করাদিসহ ১৫,৩৮,৮৪১/- টাকায় ঠিকাদারের মাধ্যমে ক্রয় করে জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতালে ৩১-১২-২০১৩ খ্রিঃ তারিখে বিতরণ দেখানো হয়। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "৪" দ্রষ্টব্য।

অনিয়মের কারণ ঃ বাস্তব যাচাই এ দেখা যায়, বর্ণিত Medical Equipments হাসপাতালে Installation এর পর হতে (১) Blood Bank Refrigerator টি Non Functioning এবং যে (২) Ultrasonogram Machine ও Echocardiogram Machine এ কোন স্পষ্ট ছবি না আসার কারণে ১০-০৫-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অচল অবস্থায় পড়ে রয়েছে। (৩) এছাড়া পরিশিষ্টের ক্রমিক নং ৪ হতে ৮ পর্যন্ত বর্ণিত Anesthesia'র যন্ত্রপাতিগুলো শহীদ সোহরাওয়ার্দি মেডিকেল কলেজ হাসপাতাল, পঙ্গু হাসপাতাল ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গ্রহণ করার পর হতে Non Functioning অবস্থায় রয়েছে অর্থাৎ ব্যবহার অযোগ্য মেশিন ক্রয় করে User এর নিকট বিতরণ (Push Delivery) করা হয়েছে। ফলে (১) + (২) +(৩) = (১৯,৩৪,০৬৬+১৫,৩৮,৮৪১ + ৬১,৭১,৯০৭) = ৯৬,৪৪,৮১৪/- টাকা ক্ষতি হয়েছে।

উল্লেখ্য যে, প্যাকেজ নং G- 1239 এর বিপরীতে ১০০টি Ultrasonogram Machine ক্রয় করে ১৯-১১-২০১৩ খ্রিঃ তারিখ CMSD কর্তৃক গ্রহণ করা হয় এবং ১৯-০৫-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বিতরণের পর (৩১ × ৭৫৬৭৫৪) = ২,৩৪,৫৯,৩৭৪/- টাকা মূল্যমানের ৩১টি মেশিন এবং প্যাকেজ নং G-1223 এর ক্রয়কৃত ১৫টি Blood Bank Refrigerator এর মধ্যে ১৯-০৫-২০১৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বিতরণের পর (৪ X ১১৯৯৫১২) = ৪৭,৯৮,০৪৮/- টাকা মূল্যমানের ০৪টি CMSD-র স্টোরে পড়ে রয়েছে।

ফলাফল ঃ আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** ঃ কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য** ঃ আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-০৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ** ঃ দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৯৬,৪৪,৮১৪/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং ৬।

শিরোনাম ঃ **একমাত্র সরকারি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান Essential Drugs Company Limited (EDCL) দরপত্রে সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তার নিকট হতে ক্রয় না করে উৎপাদনকারী প্রতিষ্ঠান নয় এমন ঠিকাদারি প্রতিষ্ঠান হতে ঔষধ ক্রয় করায় আর্থিক ক্ষতি ১৪,৭৭,৭৪৫/- টাকা ।**

বিবরণ ঃ সিএমএসডি, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিট পরিচালনাকালে বিভিন্ন ঔষধ ক্রয় সংক্রান্ত নথিপত্র যাচাইকালে পরিলক্ষিত হয় যে, একমাত্র সরকারি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান Essential Drugs Company Limited (EDCL) দরপত্রে সর্বনিম্ন দরদাতা হওয়া সত্ত্বেও তার নিকট হতে ক্রয় না করে উৎপাদনকারী প্রতিষ্ঠান নয় এমন ঠিকাদারি প্রতিষ্ঠান M/S Mithun Medical Hall, 688/1B, Boro Moghbazar, Dhaka হতে ঔষধ ক্রয় করায় ১৪,৭৭,৭৪৫/- (চৌদ্দ লক্ষ সাতাত্তর হাজার সাতশত পঁয়তাল্লিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "৫" দ্রষ্টব্য।

প্যাকেজ নং: G- 1142, Lot- B এর মাধ্যমে ১৭টি আইটেমের ঔষধ ক্রয়ের জন্য ১৫-১২-২০১১ খ্রিঃ তারিখে দরপত্র আহবান করা হয়। Tender Committee কর্তৃক দরদাতাদের দাখিলকৃত দরপত্র ১৬-০২-২০১২ খ্রিঃ তারিখে খোলার পর দেখা যায় যে, Bid Prices (As Read Out) এ ২ জন (ক) M/S Essential Drugs Company Limited (EDCL), Tejgaon, Dhaka এর মূল্য ৪,৩৬,৬৭,৫৫০/- টাকা এবং (খ) M/S Mithun Medical Hall, 688/1B, Boro Moghbazar, Dhaka এর মূল্য ৪,৯৮,২১,০০০/- টাকা ছিল। পরবর্তী সময়ে Contract No: CMSD/Proc-05/HPNSDP/G-1142 (ICB)/2011-2012/d-3/8122 Date: 18/10/2012 খ্রিঃ এর মাধ্যমে দরপত্রের আইটেম সংখ্যা ১৭ এর পরিবর্তে ১৫ টি আইটেমের Offered Required Quantity হ্রাস করে M/S Mithun Medical Hall, Dhaka এর অনুকূলে অফারকৃত ৪,৯৮,২১,০০০/- টাকার স্থলে ২,৬৭,৯৭,৭৫০/- টাকার ঔষধ ক্রয়ের কার্যাদেশ দেওয়া হয়।

অনিয়মের কারণ ঃ (১) ১৭-০৪-২০১২ খ্রিঃ তারিখের Technical Evaluation Committee কর্তৃক সর্বনিম্ন দরদাতা EDCL এর Offer এ ১৭টি আইটেমের মধ্যে ০২টি আইটেম "Inj. Atropine & Adenalene was not registered from Director General Drug Administration (DGDA) at the time of bidding & there is no experience for 2 years" উল্লেখ করে তাকে Non-responsive করে সর্বোচ্চ দরদাতা M/S Mithun Medical Hall উৎপাদনকারী প্রতিষ্ঠান না হওয়া সত্ত্বেও শুধুমাত্র সরবরাহকারী প্রতিষ্ঠান হওয়ার পরেও তাকে Responsive করা হয়। (২) EDCL দরপত্র জমাদানের সময় DGDA কর্তৃক ইস্যুকৃত উল্লিখিত ২ টি ঔষধ তৈরি 'Approval of Recipe' সংযুক্ত করে এবং চুক্তি স্বাক্ষরের সময় উক্ত ঔষধ তৈরি রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করবে মর্মে উল্লেখ করে। অধিকন্তু, TEC কর্তৃক Tender মূল্যায়নের পূর্বেই অর্থাৎ ১৭-০৪-২০১২খ্রিঃ তারিখের পূর্বে ০৪-০৩-২০১২ খ্রিঃ তারিখে EDCL উক্ত ০২টি ঔষধের DGDAএর ড্রাগ রেজিস্ট্রেশন সার্টিফিকেট CMSD বরাবর দাখিল করে। উল্লেখ্য যে, কোন ঔষধ DGDA এর অনুমোদন/রেজিস্ট্রেশন ছাড়া উৎপাদন করা যায় না। এছাড়া, সরকারি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২বছরের অভিজ্ঞতার কোন প্রশ্নই আসে না। সরকারি উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে ঔষধ ক্রয় না করে বেসরকারি ঠিকাদারি প্রতিষ্ঠান হতে ক্রয় করার জন্য সরকারি প্রতিষ্ঠানকে Non-responsive করায় ১৪,৭৭,৭৪৫/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

**ফলাফল** ঃ আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব** ঃ কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য** ঃ আর্থিক ক্ষতির বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-০৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ** ঃ দায় দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১৪,৭৭,৭৪৫/- টাকা সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং ৭।

শিরোনাম ঃ **ARV (TCV) 1.0 ml ১,৭০,০০০টি Vial ৭,৯৯,০০,০০০/- টাকায় ক্রয়ের সমর্থনে বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট DGDA এর অনুমতিপত্রসহ এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অডিটে উপস্থাপন করা হয়নি।**

বিবরণ ঃ CMSD, ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের অডিট পরিচালনায় পরিলক্ষিত হয় যে, ARV (TCV) 1.0 ml ১,৭০,০০০টি Vial ৭,৯৯,০০,০০০/- টাকায় ক্রয়ের সমর্থনে বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট DGDAএর অনুমতিপত্রসহ এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অডিটে উপস্থাপন করা হয় নি- যা আপত্তিজনক।

প্যাকেজ নং: G-1142 Lot: A এর বিপরীতে ARV (TCV) 1.0 ml ১,৭০,০০০ Vial ক্রয়ের জন্য IFB No: CMSD/G-1142/ICB/2011-12/D-3/13, Date: 12-12-2011 খ্রিঃ এ Tender আহবান করা হয়। Tender Committee কর্তৃক দরদাতাদের দাখিলকৃত দরপত্র ১৬-০২-২০১২ খ্রিঃ তারিখে খোলার পর দেখা যায় যে, Bid Prices (As Read Out) এ মাত্র একজন দরদাতা M/S Renata Ltd, Milk Vita Road, Section- 7, Mirpur, Dhaka ৭,৯৯,০০,০০০/- টাকা মূল্যের দরপত্র দাখিল করেন এবং Goods bid prices (Annexure- A) তে উক্ত ঔষধের Country of Origin: Bangladesh উল্লেখ করে প্রতি Vial BDT ৪৭০/- টাকা হিসেবে ১,৭০,০০০টির মোট Bid Price ৭,৯৯,০০,০০০/-টাকা প্রদর্শন করা হয়। একজন দরদাতার দরপত্র দাখিল করা সত্ত্বেও পুনরায় দরপত্র আহ্বান না করে Contract No: CMSD/Proc-05/HPNSDP/G-1142(ICB)/2011-12/D-3/20, Date: 14-06-2012 খ্রিঃ এর মাধ্যমে ঐ একক দরদাতা M/S Renata Ltd এর নিকট হতে বর্ণিত ঔষধ ক্রয়ের জন্য Contract করা হয়। ২৮-০৬-২০১২—০৫-০৯-২০১২ খ্রিঃ তারিখের মধ্যে CMSD তে Delivery Challan এ ঔষধ গ্রহণের সময় দেখা যায় Country of Origin: India এবং Manufacturing Date: September/2011 মাসের যা গ্রহণ করার প্রায় ১ (এক) বছর পূর্বের তৈরী। এছাড়া ঔষধগুলো India হতে আনা হলে আমদানিকৃত বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট সরবরাহকৃত চালান সেগুলোর সাথে দেওয়া হয়নি। আমদানিকৃত উক্ত ঔষধের বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট DGDA এর অনুমতিপত্রসহ এতদসংক্রান্ত কাগজপত্র অডিট দলের নিকট উপস্থাপন করা হয়নি। ফলে ঔষধ উৎপাদনের উৎস ও গুণগত মান নিরূপণ করা সম্ভব হয়নি।

অনিয়মের কারণ ঃ বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এর লংঘন।

ফলাফল ঃ আর্থিক ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা যাচাই করা সম্ভব হয়নি।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কোন জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য ঃ অনিয়মের বিষয় উল্লেখ করে ০৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ২০-০৫-২০১৫ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন নিস্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ ঃ দায় দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করতঃ প্রমাণক অডিট অফিসে প্রেরণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-৮।

**শিরোনাম ঃ অননুমোদিতভাবে দর্শনার্থীদের নিকট হতে দর্শনার্থী ফি আদায় এবং গেট পাস ও ফুড পাস বাবদ আদায়কৃত ৬৫,৩৬,২৪০/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।**

বিবরণ ঃ বিএসএমএমইউ, ঢাকা ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল এর ২০১২-২০১৩ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় দেখা যায় যে, বিএসএমএমইউ হাসপাতালে আগত রোগী দর্শনার্থীদের নিকট হতে জনপ্রতি ১০/- টাকা হারে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক টিকেটের মাধ্যমে আদায় করা হচ্ছে। টিকেট অপারেট নং-১০০০০০৪০ এর মাধ্যমে ২৪০১৭১টি টিকেট এবং টিকেট অপারেট নং-১০০০০৩০৫ এর মাধ্যমে ২৩৯৬৮১টি সর্বমোট (২৪০১৭১+২৩৯৬৮১) = ৪৭৯৮৫২টি টিকেট ১০/- টাকা হারে (৪৭৯৮৫২ ×১০) = ৪৭,৯৮,৫২০/- টাকা আদায় করা হয়েছে।

রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তিকৃত রোগীদের নিকট হতে গেট পাস বাবদ ১০/- টাকা এবং ফুড পাস বাবদ ১০/- টাকা মোট ২০/- টাকা হারে ২০১২-২০১৩ সনে মোট ৮৬৮৮৬ জন রোগীর নিকট হতে (২০×৮৬৮৮৬)=১৭,৩৭,৭২০/- টাকা আদায় করা হয়েছে। কিন্তু উক্ত মোট (৪৭,৯৮,৫২০ +১৭,৩৭,৭২০)= ৬৫,৩৬,২৪০/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফি আদায় সংক্রান্ত আদেশে দর্শনার্থীদের নিকট হতে ফি আদায়ের কোন নির্দেশনা নেই।

অনিয়মের কারণঃ সরকারি বিধি বিধান বহির্ভূত ফি আদায় এবং ট্রেজারী রুলস ভলিউম-১, রুল-৭(১) অনুযায়ী সরকারি অর্থ প্রাপ্তির সাথে সাথে বা পরবর্তী কার্যদিবসে সরকারি কোষাগারে জমা করা হয়নি।

ফলাফল ঃ আর্থিক ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** প্রশাসনিক নির্দেশনা মোতাবেক উক্ত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত আদায়কৃত টাকা হতে হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্ন কর্মীদের বেতন/ মজুরী দেয়া হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** অনিয়মের বিষয় উল্লেখ করে ১৫-০৪-১৪ খ্রিঃ ও ২৫-০৬-১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০১-১২-১৪ খ্রিঃ তারিখে তাগিদপত্র এবং সর্বশেষ ০৫-১০-১৫ খ্রিঃ তারিখে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আধা-সরকারি পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত অর্থ আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ ঃ** এ বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ এবং আদায়কৃত সমুদয় অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**স্বাক্ষরিত**
(মোঃ গোলাম মোস্তফা)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

বাঃসঃমুঃ-২০১৭/২০১৮-২৫১৩কম/এ—৭৫০ বই, ২০১৭।